**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
আইন অধিশাখা
বাংলদেশ সচিবালয়, ঢাকা
www.motj.gov.bd

নং-২৪.০০.০০০০.১২২.০৪.০০১.১৫.৮২ তারিখ: ২৯.০৬.২০১৬ খ্রি:

**বিষয়: বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক মামলা মনিটরিং সংক্রান্ত ২৬.০৬.২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থার মামলা মনিটরিং সংক্রান্ত সভা গত ২৬.০৬.২০১৬ তারিখ এ মন্ত্রণালয়ের সচিব জনাব এম এ কাদের সরকার এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

**এখানে উল্লেখ্য যে, কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইট থেকে ডাউন লোড করে নিতে হবে।**

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(এ, এম, সাইফুল হাসান)
উপসচিব
ফোন: ৯৫১৫৬৪৯
dslawsection2015@gmail.com

বিতরণ (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. চেয়ারম্যান, বিজেএমসি, মতিঝিল, বা/এ, ঢাকা।
০২. চেয়ারম্যান, বিজেসি (বিলুপ্ত), আদমজী কোর্ট, ১১৯-১২০, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩. চেয়ারম্যান, বিটিএমসি, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।
০৪. চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।
০৫. মহাপরিচালক, পাট অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
০৬. মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
০৭. পরিচালক, বস্ত্র পরিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯, কাওরান বাজার, ঢাকা।
০৮. পরিচালক, বিএসআরটিআই, রাজশাহী।
০৯. উপপ্রশাসক, আদমজী সন্স লি:, মতিঝিল বা/এ, ঢাকা।
১০. লিকুইডেটর, লিকুইডেশন সেল, ৩৫/৫-সি, শান্তিনগর (২য় তলা), পীরসাহেবের গলি, ঢাকা।
১১. যুগ্মসচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সহকারী প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অন্তর্ভুক্তকরণের জন্য অনুরোধ করা হলো)।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
আইন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.motj.gov.bd

বিষয়: বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক মামলা মনিটরিং সংক্রান্ত ২৬.০৬.২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি :এম এ কাদের সরকার, সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
তারিখ : ২৬.০৬.২০১৬ খ্রিস্টাব্দ।
স্থান : বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং- ৭০৯-৭১১) ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক তে রক্ষিত আছে)

সভাপতি উপস্থিত সকলকে মাহে রমজানে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । তার পর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (আইন) জনাব এ, এম সাইফুল হাসান সভার আলোচ্য বিষয়াবলী পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

০২. বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় এবং তা কোন রকম সংশোধনী ছাড়াই সভায় দৃঢ়করণ করা হয়।

০৩. **বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও অধীস্থ দপ্তর/সংস্থার মোট মামলার তথ্য:**

সভায় বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও অধীস্থ দপ্তর/সংস্থার সর্বশেষ মামলার অগ্রগতি সভায় উপস্থাপন করা হয় যা নিম্নরূপ:

| দপ্তর/সংস্থা/ বোর্ডের নাম | পূর্বের মামলার সংখ্যা | বর্তমান মাসে আগত | মোট | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | সংস্থার পক্ষে | বিপক্ষে | মাস শেষে পেন্ডিং মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | - | - | - | - | - | - | - |
| বিজেএমসি | ১১৯৮ | ১৬ | ১২১৪ | ২৭ | ১৭ | ১০ | ১১৮৭ |
| বিটিএমসি | ৩০৭ | ০৮ | ৩১৫ | ০২ | ০২ | ০০ | ৩১৩ |
| বিজেসি | ২৬৯ | ০১ | ২৭০ | ০৩ | ০২ | ০১ | ২৬৭ |
| পাট অধিদপ্তর | ৩১ | ০০ | ৩১ | ০৫ | ০৫ | ০০ | ২৬ |
| রেশম উন্নয়ন বোর্ড | ৩১ | ০০ | ৩১ | ০০ | ০০ | ০০ | ৩১ |
| বিএসআরটিআই | ০৩ | ০০ | ০৩ | ০০ | ০০ | ০০ | ০৩ |
| তাঁত বোর্ড | ১১ | ০০ | ১১ | ০০ | ০০ | ০০ | ১১ |
| বস্ত্র পরিদপ্তর | ০৮ | ০০ | ০৮ | ০০ | ০০ | ০০ | ০৮ |
| লিকুইডেশন সেল | ২৮ | ০১ | ২৯ | ০০ | ০০ | ০০ | ২৯ |
| আদমজী সন্স লি: | ১২ | ০০ | ১২ | ০০ | ০০ | ০০ | ১২ |
| মোট= | ১৮৯৮ | ২৬ | ১৯২৪ | ৩৭ | ২৬ | ১১ | ১৮৮৭ |

০৪. সভাপতি সংস্থার অনিষ্পন্ন মামলাগুলো র বিষয়ে দৃষ্টিপাত করে বলেন যে, বিজেএমসির মোট মামলার ১২১৪টি, নিষ্পত্তকৃত মামলার সংখ্যা ২ ৭টি, সংস্থার পক্ষে ১ ৭টি, বিপক্ষে ১ ০টি মামলার রায় হয়। সরকারের বিপক্ষে রায় হওয়া মামলা গুলোতে জরুরি ভিত্তিতে আপীলের ব্যবস্থা গ্রহণ করা র জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। কারণ এতে রাষ্ট্রের শত শত কোটি টাকা জড়িত আছে। বিটিএমসির মোট মামলা ৩১৫টি, নিষ্পত্তিকৃত মামলা ০ ২টি, ০২টি মামলা সরকারের পক্ষে রায় হওয়ায় তিনি সন্তোষ প্রকাশ করেন। তবে মামলার সংখ্যা অনুযায়ী মামলা নিষ্পত্তি কম হওয়ার বিষয়ে চেয়ারম্যান, বিটিএমসির দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতির বক্তব্যের প্রেক্ষিতে চেয়ারম্যান, বিটিএমসি বলেন যে, বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ মামলার রায় সরকার/বিটিএমসির পক্ষে ঘোষিত হয় কিন্তু পরবর্তীতে মামলার বাদী আপীল দায়ের করে। কোর্ট ভেঙ্গে যাওয়া/অবকাশের ফলে আদালতে মামলা নিষ্পত্তিতে কিছুটা সমস্যার সৃষ্টি হয়। বিজেসির মোট মামলা ২৭০টি, নিষ্পত্তকৃত মামলার সংখ্যা ০২টি, সংস্থার পক্ষে ০১টি, বিপক্ষে ০১টি মামলার রায় হয়। সরকারের বিপক্ষে রায় হওয়া মামলা টিতে দ্রুত আপীলের ব্যবস্থা গ্রহণ করা র জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভাপতি আরো বলেন যে, প্রয়োজনে পুরাতন আইনজীবি পরিবর্তন করে নতুন আইনজীবি নিয়োগের করতে হবে। কারণ আইনজীবিগণ বেশি দিন এক সংস্থায় কাজ করলে মামলার মোটিভ বুঝতে পারে এবং বাদী পক্ষের সাথে সমঝোতা করে মামলার রায় সরকারের বিপক্ষে নিয়ে যায়, ফলে সরকার ক্ষতিগ্রস্থ হয়। পাট অধিদপ্তরের মোট মামলা ৩১টি, নিষ্পত্তিকৃত মামলা ০৫টি, সংস্থার পক্ষে ০৫টি মামলার রায় হওয়ায় সন্তোষ প্রকাশ করে, মামলা নিষ্পত্তির এ ধারা সকল দপ্তর/সংস্থাকে অনুসরণ করার নির্দেশনা প্রদান করেন । রেশম উন্নয়ন বোর্ডের মোট ৩ ১টি মামলা রয়েছে কিন্তু বেশ কয়েক মাস যাবত কোন মামলা নিষ্প ত্তি হচ্ছেনা। সভাপতি এ বিষয়ে বোর্ড প্রধানকে সবোর্চ্চ গুরুত্ব দিয়ে মামলা নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করেন। বিএসআরটিআই, বাতাঁবো, বস্ত্র পরিদপ্তর, লিকুইডেশন সেল, আদমজী সন্স লি: এর কোন মামলা নিষ্পত্তি হয়নি। সভাপতি এতে অসন্তোষ প্রকাশ করে সংস্থাগুলো কে মামলা নিষ্পত্তি র বিষয়ে কঠোর ব্যবস্থা নিতে নির্দেশনা প্রদান করেন। তিনি আরো বলেন যে, মোট ১৯ ২৪টি মামলার মধ্যে নিষ্পত্তিকৃত ৩৭টি মামলায় সংস্থার পক্ষে ২৬টি এবং বিপক্ষে ১১টি মামলার রায় হয়েছে। যে সমস্ত মামলার রায় সংস্থার বিপক্ষে গিয়েছে সেগুলোর বিষয়ে দ্রুত আপীল দায়ের করা এবং ভবিষতে মামলার রায় সরকারের বিপক্ষে গেলে সেগুলোর বিষয়েও সাথে সাথে আপীল দায়ের করার নির্দেশ প্রদান করেন। সভাপতি অনিষ্পন্ন ১ ৮৮৭টি মামলার বিষয়ে আরো কার্যকরী ভূমিকা পালনে তৎপর হওয়ার জন্য দপ্তর/সংস্থা প্রধানদের নির্দেশনা প্রদান করেন।

০৫. **<u>গুরুত্বপূর্ণ ৩১টি মামলা মনিটরিং সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা:</u>**

৩১টি মামলা র কার্যক্রম সভায় উপস্থাপন করা হবে এ ব্যাপারে সংশ্লিষ্ট যুগ্মসচিবগণ এবং ট্যাগ কর্মকর্তাগণ এর অগ্রগতি সভাকে অবহিত করেন যা নিম্নরূপ:

সংস্থার নাম: বিজেএমসি

| মামলা নম্বর: | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. সিভিল আপীল নং-৩১৭/১৫<br>০২. সিভিল আপীল নং-১৫/১৫<br>০৩. সিভিল আপীল নং-৩১৬/১৫ | জনাব মতিউর রহমান<br>যুগ্মসচিব (পাট) | ০১. জনাব মুহাম্মদ সালেহ উদ্দিন<br>সচিব<br>০২. জনাব মো: নাছিমুল ইসলাম<br>জিএম (আইন) | - |

সংস্থার নাম: বিজেএমসি

| মামলা নম্বর: | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. সিভিল পিটিশন ফর-লীভ-টু আপীল নং-৭৪৭/১৩<br>০২. দেওয়ানী মোকদ্দমা নং-৪৮৯০/০৮<br>০৩. দেওয়ানী মোকদ্দমা নং-৭০৪/১৪ | নাসিমা বেগম<br>যুগ্মসচিব (পাট-২) | ০১. জনাব মুহাম্মদ সালেহ উদ্দিন<br>সচিব<br>০২. জনাব মো: নাছিমুল ইসলাম<br>জিএম (আইন) | - |

সংস্থার নাম: বিজেএমসি

| মামলা নম্বর: | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. সিভিল রিভিউ পিটিশন নং-৩০৩/১৫<br>০২. অপর মোকদ্দমা নং-৮০৩/১০<br>০৩. সিপিএলএ নং-৩৪৪৩/১৫ | জনাব দিলীপ কুমার সাহা<br>যুগ্মসচিব (প্রশাসন) | ০১. জনাব মুহাম্মদ সালেহ উদ্দিন<br>সচিব<br>০২. জনাব মো: নাছিমুল ইসলাম<br>জিএম (আইন) | - |

সংস্থার নাম: বিটিএমসি

| মামলা নম্বর: | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. সিভিল মামলা নং-২৩৪/১৫-২৩৯/১৫ (১টি)<br>০২. সিভিল পিটিশন ফর-লীভ-টু আপীল নং-২৮২৩/১৪<br>০৩. রীট পিটিশন নং-৯৮৮০/১০ | জনাব মো: রমজান আলী<br>যুগ্মসচিব (বস্ত্র) | ০১. জনাব পীরজাদা শহীদুল হারুন<br>পরিচালক (পরিচালন)<br>০২. কাজী ফিরোজ হোসেন<br>ব্যবস্থাপক (আইন) | - |

সংস্থার নাম: বিটিএমসি

| মামলা নম্বর: | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. রীট পিটিশন নং-৩৮৬৬/০৮<br>০২. রীট পিটিশন নং-৫৭৩৯/১৩ | জনাব মো: মনিরুজ্জামান<br>যুগ্মসচিব (অডিট) | ০১. জনাব পীরজাদা শহীদুল হারুন<br>পরিচালক (পরিচালন)<br>০২. কাজী ফিরোজ হোসেন<br>ব্যবস্থাপক (আইন) | - |

সংস্থার নাম: বিটিএমসি

| মামলা নম্বর: | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. রীট পিটিশন নং-৭৫২৪/১৪<br>০২. দেওয়ানী মোকদ্দমা নং-১০/৯৮ | জনাব মো: আবু ছাইদ শেখ যুগ্মসচিব (বাজেট) | ০১. জনাব পীরজাদা শহীদুল হারুন<br>পরিচালক (পরিচালন)<br>০২. কাজী ফিরোজ হোসেন<br>ব্যবস্থাপক (আইন) | - |

সংস্থার নাম: বিজেসি

| মামলা নম্বর: | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. লীভ টু আপীল নং-২২০৮/১৩<br>০২. এফএ নং-৩০৫/০৪<br>০৩. এফএটি নং-১০৫/০৫<br>০৪. সিপি নং-৫২০৩/০৭ | জনাব মো: জাহাঙ্গীর হোসেন, এনডিসি<br>যুগ্মসচিব (পাট-৩) | ০১. জনাব মো: আব্দুল মাবুদ<br>সচিব<br>০২. জনাব মো: লুৎফর রহমান<br>পিও | - |

| | | | |
|---|---|---|---|
| ০৫. রীট পিটিশন নং-৬৯১১/১৩ | | | |



সংস্থার নাম: লিকুইডেশন সেল

| মামলা নম্বর: | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. রীট পিটিশন নং-৯৭১৮/১৪<br>০২. সিপিএলএ নং-১১৭/১৫<br>০৩. আপীল মোকদ্দমা নং-৭০১/১৫<br>০৪. সিপিএলএ নং-১০১৪/১৫ | জনাব মো: হেলাল উদ্দিন, এনডিসি<br>যুগ্মসচিব (বেওবি এবং আইন) | ০১. জনাব মো: হেলাল উদ্দিন<br>এনডিসি, উপ-প্রশাসক<br>০২. জনাব মো: আবুল কালাম<br>জিএম (চলতি দায়িত্ব) | - |

সংস্থার নাম: বাংলাদেশ তাঁত বোর্ড ও রেশম উন্নয়ন বোর্ড

| মামলা নম্বর: | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. রীট পিটিশন নং-৫৬৭/০৩<br>০২. রীট পিটিশন নং-১০০৭৭/১৫<br>০৩. আপীল নং-৩৫৩/১২<br>০৪. কনটেম্পট পিটিশন নং-৩৬৪/১৫ | জনাব মো: রেজাউল কাদের<br>যুগ্মসচিব (বস্ত্র-২) | ০১. জনাব মো: মঞ্জুর কাদের<br>সচিব<br>০২. জনাব মো: লুৎফর রহমান<br>(আইন) | - |

সংস্থার নাম: আদমজী সন্স লি:

| মামলা নম্বর: | মন্ত্রণালয়ের কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থার ট্যাগ অফিসারের নাম ও পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. বিভাগীয় স্টেশাল মামলা নং-২৪/১৩<br>০২. রিভিউ মোকদ্দমা নং-২৭৭৫/১৪ | জনাব তাহমিনা আখতারী<br>যুগ্মসচিব (প্রশাসন-২) | ০১. জনাব মো: মেসবাহ উদ্দিন<br>ডিজিএম<br>০২. জনাব মো: ইমতিয়াজ আহমেদ<br>ম্যানেজার | - |

০৬. সভাপতি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, মনিটরিং সংক্রান্ত ৩১টি মামলার মধ্যে কোন মামলায় নিষ্পত্তি হয়নি। এ ব্যাপারে তিনি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তাগণকে আরো তৎপর হওয়ার নির্দেশনা প্রদান করেন। তিনি সংস্থার আইন কর্মকর্তাদের আদালতে নিয়মিত উপস্থিত থেকে বিজ্ঞ আইনজীবিদের মামলা সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্যাদিসহ সাহায্য ও সহযোগিতার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি যে সকল আইনজীবিদের মামলা নিষ্পত্তির হার সন্তোষজনক নয় তাদের পরিবর্তনপূর্বক নতুন আইনজীবি নিয়োগের জন্য দপ্তর/সংস্থার প্রধানগণদের নির্দেশনা প্রদান করেন। কারণ রাষ্ট্রের সম্পদ রক্ষা করার দায়িত্ব সংশ্লিষ্ট সকলের।

০৭. দপ্তর/সংস্থার প্রধানগণের ৫০টি মামলা মনিটরিং কার্যক্রম পর্যালোচনা:

সভার মুখ্য সচিব মহোদয়ের নির্দেশনা মতে দপ্তর/সংস্থার প্রধানগণের ৫০টি মামলা মনিটরিং এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ ব্যাপারে দপ্তর/সংস্থার প্রধানগণ জানান যে, তাদের অনেকেরই ৫০টি মামলা নেই। তবে যে মামলাগুলো আছে সেগুলোর ব্যাপারে তাঁরা প্রতি মাসেই সংস্থার আইন কর্মকর্তাদের সাথে বসে অগ্রগতি পর্যলোচনা এবং প্রয়োজনীয় দিক-নির্দেশনা দিয়ে থাকেন। সভাপতি এ ব্যাপারে সংস্থার

প্রধানগণকে মামলা নিয়মিত মনিটরিং করতে বলেন এবং এ সংক্রান্ত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

০৮. সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. বিজেএমসিকে মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে;

খ. সকল দপ্তর/সংস্থাসমূহকে মামলা নিষ্পত্তির কার্যক্রম বৃদ্ধি করতে হবে;

গ. বিজেসির আইনজীবি পরিবর্তনপূর্বক নতুন আইনজীবি নিয়োগ প্রদানের বিষয়ে দ্রুত মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা;

ঘ. যে সকল মামলা র রায় সরকারের বিপক্ষে ঘোষিত হয়েছে সেগুলোর ব্যাপারে দপ্তর/সংস্থা প্রধানগণ দ্রুত আপীল দায়েরপূর্বক মামলা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন;

ঙ. সংস্থার আইনকর্মকর্তাগণ আদালতে নিয়মিত উপস্থিত থেকে মামলা নিষ্পত্তির কার্যক্রমে বিজ্ঞ আইনজীবিদের সাহায্য-সহযোগিতা প্রদান করবেন;

চ. মনিটরিং সংক্রান্ত ৩১টি মামলা নিষ্পত্তির কার্যক্রম আরো জোরদার করতে হবে। সংস্থার পক্ষে আইন কর্মকর্তা ও ট্যাগ অফিসারগণ বিজ্ঞ আইনজীবির সাথে নিয়মিত যোগাযোগ করে মামলা নিষ্পত্তির কার্যক্রম জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

ছ. দপ্তর/সংস্থার প্রধানগণ ৫০টি মামলা মনিটরিং সংক্রান্ত সভার কার্যবিবরণী যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

০৯. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার কাজ শেষ করেন।

স্বাক্ষরিত/-
২৯.০৬.২০১৬
(এম এ কাদের সরকার)
সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।